026 দৈনিক বাংলা

তারিখ 10/11/78
পৃষ্ঠা 12 কলাম 4

# প্রাথমিক শিক্ষা প্রসারে অনুকূল পরিবেশ সৃষ্টি করা হচ্ছে : বাতেন

গলাচিপা (পটুয়াখালী) ৯ই নভেম্বর।—জনগণকে শিক্ষিত করে তোলার জন্য সরকার আন্তরিক প্রচেষ্টা অব্যাহত রেখেছেন এবং গ্রাম অঞ্চলের কৃষক পরিবারের ছেলে মেয়েরা শিক্ষা লাভের বয়স প্রাপ্তির সাথে সাথে প্রাথমিক স্কুলে ভর্তি হওয়ার সুযোগ এবং সামর্থ যাতে লাভ করে তার জন্য সরকার অনুকূল পরিবেশ সৃষ্টির প্রয়াস নিচ্ছেন।

গত ৬ই নবেম্বর পটুয়াখালির গলাচিপায় এক বিশাল জনসমাবেশে ভাষণদানকালে শিক্ষা প্রতিমন্ত্রী জনাব আবদুল বাতেন উপরোক্ত মন্তব্য করেন।

শিক্ষা প্রতিমন্ত্রী বলেন, আমাদের জনগণের এক ব্যাপক অংশ নিরক্ষর হয়ে থাকলে দেশের সমৃদ্ধি অর্জন বাধাগ্রস্ত হবে। সুতরাং শিক্ষা প্রসারে ও সকল জনগণকে শিক্ষিত করে তোলার সরকারী প্রচেষ্টা ও পদক্ষেপে ছাত্র ও শিক্ষক সমাজ এবং জনগণের সহযোগিতা অপরিহার্য। শিক্ষার মান ও শিক্ষার পরিবেশ উন্নত করার জন্য ছাত্র, শিক্ষক ও অভিভাবকদের প্রতি তিনি আহ্বান জানিয়ে বলেন, বিশ্বের অন্যান্য দেশের শিক্ষার সাথে আমাদের বর্তমানের শিক্ষার মূল্যায়ন করলে লক্ষ্য করা যাবে যে আমাদের শিক্ষার মান নিম্নপর্যায়ে চলে যাচ্ছে। শিক্ষার মান ও শিক্ষা অংগনের সুশৃংখল পরিবেশের সৃষ্টি না হলে জাতীয় ক্ষেত্রে অশুভ অবস্থার সৃষ্টি হবে। ব্যক্তির নয়, জাতির স্বার্থে সকলের কর্তব্য হবে এ বিষয়ে সরকারের শুভ প্রচেষ্টা ও পদক্ষেপের সমর্থন ও সহযোগিতা দেয়া।

শিক্ষকগণ সমাজের সবচেয়ে সম্মানীয় ব্যক্তি বলে মত প্রকাশ করে শিক্ষা প্রতিমন্ত্রী বলেন শিক্ষকদের যথাযথ মর্যাদা ও ন্যায়সংগত অন্যান্য অভাব অভিযোগের যাতে সুরাহা হয় সে ব্যাপারে সরকার আন্তরিকভাবে চেষ্টা করছেন।